গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর,সিলেট আঞ্চলিক অফিস
সিনিয়র প্ল্যানার এর কার্যালয়
সিলেট সিটি কর্পোরেশন ভবন (৫ম তলা), তোপখানা,
সিলেট

জরুরি

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০০০.২৫.০০২.১৮.৮৫

তারিখ: ৮ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

বিষয়: **ইন-হাউজ ট্রেনিং এর মাসিক প্রতিবেদন (মার্চ/২০২৩) প্রেরণ প্রসঙ্গে**

সূত্র: প্রধান কার্যালয়ের স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.২৫.০০৭.১৭.৯৯, তারিখ: ১২ই সেপ্টেম্বর ২০১৯

যথাযথ সম্মান পূর্বক উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ পরিকল্পনা ও বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ এর অংশ হিসেবে নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসে মার্চ/২০২৩ এর ১৬/০৩/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত দিনব্যাপী অনুষ্ঠিত প্রশিক্ষণ প্রতিবেদন সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২২-৩-২০২৩
জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
ফোন: +882996636633
ইমেইল: sps@udd.gov.bd

পরিচালক (চলতি দায়িত্ব)
পরিচালক এর দপ্তর
নগর উন্নয়ন অধিদপ্তর

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০০০.২৫.০০২.১৮.৮৫/১(১৮)

তারিখ: ৮ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর
২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
৩) সিনিয়র জিওগ্রাফার, গবেষণা, নগর উন্নয়ন অধিদপ্তর
৪) সিনিয়র প্ল্যানার , সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
৫) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
৬) সিনিয়র প্ল্যানার , খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা
৭) সিনিয়র প্ল্যানার , বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল
৮) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৯) সিনিয়র প্ল্যানার , কক্সবাজার আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার

১০) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর

১১) সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব), রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী

১২) সহকারী প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর

১৩) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর

১৪) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর

১৫) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর

১৬) সহকারী প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর

১৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

১৮) অফিস কপি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট

Shaheen Ahmed

২২-৩-২০২৩

জনাব শাহীন আহম্মেদ

সিনিয়র প্ল্যানার

## ইন-হাউজ ট্রেনিং সিলেট আঞ্চলিক অফিস (বাৎসরিক ৬০ ঘন্টা প্রশিক্ষনের আওতায়)

প্রশিক্ষণের বিষয়ঃ ক. প্লটারে জিআইএস ম্যাপ প্রিন্টিং সংক্রান্ত প্রশিক্ষণ

খ. Training on Proper Use of Internet & Social Media

সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (দিনব্যাপী)

তারিখঃ ১৬/০৩/২০২৩ খ্রি:

**প্রশিক্ষণের সারাংশ:**

(ক) সংশ্লিষ্ট বিষয়ের অন্তর্ভূক্ত অংশঃ সিনিয়র প্ল্যানার, সিলেট আঞ্চলিক অফিস অদ্য অনুষ্ঠিত দিনব্যাপী আভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্সে সকলকে স্বাগত জানান। তিনি জানান যে, ২০২২-২৩ অর্থবৎসরের এটি ২য় দিনব্যাপী প্রশিক্ষণ। তিনি প্রশিক্ষণার্থীদের ধৈর্য্য সহকারে প্রশিক্ষণসূচী অনুযায়ী প্রশিক্ষণে অংশগ্রহণের আহবান জানান। তিনি মর্নিং সেশনে প্রথমে প্লটারে জিআইএস ম্যাপ প্রিন্টিং বিষয়ে PPT এর মাধ্যমে প্রশিক্ষণার্থীদের নিকট বিষয়টি তুলে ধরেন। তিনি কেন্দ্রীয় দপ্তর হতে সংগৃহীত HP প্লটার মেশিনে জিআইএস ম্যাপ প্রিন্টিং দেয়ার প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি প্লটার মেশিনটি কার্যক্ষম রাখা এবং প্লটার মেশিনের হেড বসে যাওয়া বা কালি জমে যাওয়া হতে প্লটারকে রক্ষা করতে প্লটারে নিয়মিতভাবে প্রিন্ট করা প্রয়োজন বলে উল্লেখ করেন। তিনি প্লটার সেটআপ/অরিয়েন্টেশন এর ধাপসমূহ বর্ণনা করেন এবং প্লটারে রোল কিভাবে ঢুকাতে/বের করতে হয় তা দেখান। প্লটারে পেনড্রাইভ এর মাধ্যমে প্রিন্ট করার বিষয়টিও দেখান। পরে তিনি ডেস্কটপ কম্পিউটারে ArcGIS এর ১টি mpk ফাইল এর Layout View হতে ১টি ম্যাপ PDF আকারে Export করার পদ্ধতি দেখান। এই PDF টি Ctrl+P করে Print করার ক্ষেত্রে Printer হিসেবে HP Design Jet T1708V4 সিলেক্ট করে Properties এ গিয়ে Basic এবং Advanced Option গুলো দেখান। তিনি প্লটারে কালি কম থাকলে Print Quality তে Fast এর পরিবর্তে Normal সিলেক্ট করার কথা বলেন। সর্বশেষে প্রিন্ট ক্লিক করে প্লটারে ম্যাপ প্রিন্টিং হওয়া প্রশিক্ষণার্থীদের দেখান। প্রশিক্ষক সিনিয়র প্ল্যানার সকাল সেশনের ট্রেনিংটি সিলেট আঞ্চলিক অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর সেকশন-৩, ক. ২.২.১ কর্মচারীগণের সক্ষমতার উন্নয়ন এর আওতাভুক্ত প্রশিক্ষণ হিসেবে অনুষ্ঠিত হচ্ছে মর্মে উল্লেখ করেন। অতঃপর তিনি প্রশিক্ষণার্থীদের হাতে কলমে বিষয়টি অনুশীলন করান এবং তাদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। পরিশেষে সকলকে দুপুরের খাবার এবং নামায বিরতির পর ২য় সেশনের প্রশিক্ষণে অংশগ্রহণ করার আহবান জানান। সিনিয়র প্ল্যানার জানান যে, অত্র প্রশিক্ষণের PPT টি তথ্য বাতায়নভুক্ত ওয়েবসাইট (www.udd.sylhet.gov.bd) এর প্রশিক্ষণ সেবাবক্সের "ইন-হাউজ ট্রেনিং" লিংকে আপলোড করা আছে।

২য় সেশনে প্রশিক্ষক ও সিনিয়র প্ল্যানার, সিলেট আঞ্চলিক অফিস "Training on Proper Use of Internet & Social Media" শীর্ষক প্রশিক্ষণে সকলকে স্বাগত জানান। তিনি উল্লেখ করেন যে, অত্র প্রশিক্ষণটি সিলেট আঞ্চলিক অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মপরিকল্পনা ৫.১.১ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের আওতাধীন ১টি প্রশিক্ষণ। প্রশিক্ষক Social Media কি এবং কত প্রকার তা PPT টির মাধ্যমে প্রশিক্ষণার্থীদের সামনে বর্ণনা করেন। তিনি Facebook, Twitter, Flickr, Whatsapp, Youtube ইত্যাদি সম্পর্কে সংক্ষেপে বর্ণনা করেন। অতঃপর তিনি Social Media

ব্যবহারের উপকারীতা হিসেবে Communication Tool এবং তথ্য প্রাপ্তির ব্যাপকতা তুলে ধরেন ও অপকারিতা সম্পর্কে আলোচনা করেন বিশেষ করে Cyber Bulling, Cyber Crime, Phising এবং Rumour বিষয়ে প্রশিক্ষণার্থীদের সতর্ক করেন। তিনি কিছু বাস্তব উদাহরণ প্রশিক্ষণার্থীদের সামনে তুলে ধরেন। অতঃপর তিনি বাংলাদেশে Cyber Law/Act সম্পর্কে ধারণা দেন। তিনি ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত) বিষয়ে আইনের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করেন। তিনি কিভাবে Social Media নিরাপদ ও ঝুঁকিহীনভাবে ব্যবহার করা যাবে সে বিষয়ে Do's and Don'ts; Strong Password এর ব্যবহার, Apps এর ব্যবহার সম্পর্কে আলোচনা করেন। তিনি বিকেল সেশনের PPT টির জন্য রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর Dr. Md. Ali Hossain এর কৃতজ্ঞতা স্বীকার করেন। প্রশিক্ষক পরবর্তীতে প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি জানান যে, আজকের আভ্যন্তরীণ প্রশিক্ষণের বিকেল সেশন এর PPT টি অত্র দপ্তরের তথ্য বাতায়নভুক্ত ওয়েবসাইটের (www.udd.gov.bd) এর প্রশিক্ষণ সেবাবক্সের "ইন হাউজ ট্রেনিং" লিংকে আপলোড করা আছে।

(খ) প্রশিক্ষণার্থীদের মতামত/প্রতিক্রিয়াঃ প্রশিক্ষণার্থীরা প্লটারে জিআইএস ম্যাপ প্রিন্টিং এবং Proper Use of Internet & Social Media সম্পর্কে জ্ঞান লাভ করেন।

(গ) আঞ্চলিক অফিস প্রধানের বক্তব্যঃ এ ট্রেনিং এর মাধ্যমে সকলেই প্লটারে ম্যাপ প্রিন্টিং এবং ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের নিয়ন্ত্রিত ব্যবহার সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করেন।

Shaheen Ahmed 16/03/2023

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

## বাৎসরিক ৬০ ঘন্টা প্রশিক্ষনের আওতায় দিনব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণকারী সিলেট আঞ্চলিক অফিসের কর্মচারীদের উপস্থিতির তালিকা

প্রশিক্ষণের বিষয়ঃ ক. প্লটারে জিআইএস ম্যাপ প্রিন্টিং সংক্রান্ত প্রশিক্ষণ

খ. Training on Proper Use of Internet & Social Media

সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (দিনব্যাপী)

তারিখঃ ১৬/০৩/২০২৩ খ্রি

প্রশিক্ষণ প্রদানকারীর নাম ও পদবী: জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার

| ক্র. নং | নাম | পদবী | প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া ১৬/০৩/২০২৩ |
| ২। | জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া | রেখাকার | [signature] ১৬/০৩/২০২৩ |
| ৩। | জনাব মোঃ রুবেল হোসেন | সার্ভেয়ার | [signature] ১৬/০৩/২০২৩ |
| ৪। | জনাব আমির হামজা | খালাসী | — |

Shaheen Ahmed 16/03/2023

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার ও প্রশিক্ষক
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
সিনিয়র প্ল্যানার এর কার্যালয়
সিলেট সিটি কর্পোরেশন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট

নম্বর: ২৫.০০.০০০০.০০০.২৫.০০২.১৮.৭৩

তারিখ: ১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

**অফিস আদেশ**

আগামী ১৬/০৩/২০২৩ ইং তারিখে নগর উন্নয়ন অধিদপ্তর সিলেট আঞ্চলিক অফিসে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত বাৎসরিক ৬০ ঘন্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ এর আওতায় কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত "প্লটারে জিআইএস ম্যাপ প্রিন্টিং সংক্রান্ত প্রশিক্ষণ" এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় "Training on Proper use of Internet & Social Media" শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে সংযুক্ত প্রশিক্ষণ সূচী অনুযায়ী নির্ধারিত সেশনে অংশগ্রহণ করার জন্য সিলেট আঞ্চলিক অফিসের কর্মকর্তা-কর্মচারীগণকে নির্দেশক্রমে আদেশ প্রদান করা হলো। প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীরা বিধি মোতাবেক সম্মানী ও প্রশিক্ষণভাতা প্রাপ্য হবেন।

সংযুক্তিঃ প্রশিক্ষণসূচী

১৫-৩-২০২৩
জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
ফোন: +882996636633
ইমেইল: sps@udd.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০০০.২৫.০০২.১৮.৭৩/১(১৮)

তারিখ: ১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর
৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
৪) ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট
৫) সিনিয়র প্ল্যানার , সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
৬) সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৭) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
৮) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর

৯) সহকারী প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
১০) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
১১) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর
১২) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
১৩) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর
১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
১৫) জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া, রেখাকার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
১৬) জনাব মোঃ রুবেল হোসেন, সার্ভেয়ার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
১৭) জনাব আমির হামজা, খালাসী, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
১৮) অফিস কপি

১৫-৩-২০২৩
জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার

# ২০২২-২৩ অর্থবছরের বিষয়ভিত্তিক আভ্যন্তরীণ প্রশিক্ষণ সূচী

তারিখঃ ১৬/০৩/২০২৩ খ্রিঃ
স্থানঃ নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট কার্যালয়

প্রশিক্ষকঃ শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার

প্রশিক্ষণার্থীগণঃ
১। বাদশা মিয়া, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
২। মোঃ নূরুজ্জামান ভূইয়া, রেখাকার
৩। মোঃ রুবেল হোসেন, সার্ভেয়ার
৪। আমির হামজা, খালাসী

| ক্র. নং | সেশন | সময় | আলোচ্য বিষয় |
|---|---|---|---|
| ০১ | সকাল | ৯:৩০ – ১০:০০ | অরিয়েন্টেশন |
| | | ১০:০০ – ১১:০০ | প্লটারে জিআইএস ম্যাপ প্রিন্টিং সংক্রান্ত প্রশিক্ষণ |
| | | ১১:০০ – ১১:৩০ | রিফ্রেসমেন্ট ব্রেক |
| | | ১১:৩০ – ১২:৩০ | হাতে কলমে অনুশীলন |
| | | ১২:৩০ – ১:০০ | প্রশ্নোত্তর ও সেশন সমাপনী |
| | | ১:০০ – ১:৩০ | দুপুরের খাবার, নামায ও মধ্যাহ্ন বিরতি |
| ০২ | বিকাল | ১:৩০ – ২:৩০ | Training on Proper use of Internet & Social Media সংক্রান্ত প্রশিক্ষণ |
| | | ২:৩০ – ৩:৩০ | হাতে কলমে অনুশীলন |
| | | ৩:৩০ – ৪:০০ | প্রশ্নোত্তর ও প্রশিক্ষণ সমাপনী |

16-03-2023

সেশন: সকাল

# আভ্যন্তরীণ প্রশিক্ষণ ২০২২-২৩

## “প্লটারে জিআইএস ম্যাপ প্রিন্টিং সংক্রান্ত প্রশিক্ষণ”

**উপস্থাপনায়ঃ**
শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক কার্যালয়
তোপখানা, সিলেট
মোবাইলঃ ০১৭৭৭-৪০০-৯৫৯
ই-মেইলঃ ashaheen11921@gmail.com
uddsylhet@yahoo.com
sps@udd.gov.bd

Content: Collected

# উপস্থাপনার রুপরেখা

1. প্লটার এ ম্যাপ প্রিন্টিং পদ্ধতি জানা কেন জরুরী?
2. প্লটার সেটআপ/অরিয়েন্টেশন ধাপসমুহ
3. ডেস্কটপ কম্পিউটারে জিআইএস ম্যাপ এর পিডিএফ রেডি করা ও প্রিন্ট দেয়া
4. প্লটারে প্রিন্ট নেয়া
5. প্রশ্নোত্তর

# ১. প্লটার এ ম্যাপ প্রিন্টিং পদ্ধতি জানা কেন জরুরী?

১। দামী প্লটার মেশিনটি কার্যক্ষম রাখা

২। প্লটারের হেড বসে যাওয়া বা ক্লগ হওয়া থেকে রক্ষা করা

৩। প্রয়োজন অনুসারে যে কেউ প্লটার হতে বড়/ছোট ম্যাপ প্রিন্ট দেয়ার সক্ষমতা অর্জন

৪। বড় ম্যাপ প্রিন্টিং এর ভয় দূরীকরণ

# ২. প্লটার সেটআপ/অরিয়েন্টেশন ধাপসমুহ

ধাপ-১: প্রথমে প্লটারের পাওয়ার ক্যাবল কানেক্ট করবো। তারপর কম্পিউটার এর সাথে প্রিন্ট করার ক্যাবল কানেক্ট করতে হবে। Power Button এ ক্লিক করে প্লটার On করতে হবে।









ধাপ-২: Power Button এ ক্লিক করলে Initializing দেখাবে। তারপর Display তে বিভিন্ন Icon আসবে।

ধাপ-৩: প্রিন্ট অপশনে পেপার আসবে তারপর Paper Source - Roll-১ দেখাবে। Roll এর ডানপাশে Unload অথবা Load দেখাবে। Paper Load করে নেব।

ধাপ-৪: Load করার সময় Roll টা খোলার সময় ডানদিক আগে খুলতে হবে এবং Roll লাগানোর সময় বামদিক আগে লাগাতে হবে।










ধাপ-৫: Roll লাগানো হয়ে গেলে Loading Roll দেখাবে (Roll-১ কভার খোলা থাকতে হবে) – Paper Scroll করবে – Checking Paper দেখাবে - Select Paper Category লেখা আসবে – Bond & Coated Paper সিলেক্ট থাকতে হবে – আবার Checking Paper - Scroll হবে – Close Roll -১ Cover লেখা আসবে – Paper Loaded লেখা আসবে।


ধাপ-৬: Display তে Roll-১ লেখার নিচে Paper Size লেখা থাকবে যেমনঃ ১০২০mm coated size

ধাপ-৭: Home Button এ Click করতে হবে। তারপর Computer এর Desktop এ যাব।



# ৩. ডেস্কটপ কম্পিউটারে জিআইএস ম্যাপ এর পিডিএফ রেডি করা ও প্রিন্ট দেয়া

[পূর্ব শর্ত: Desktop এর ফাঁকা জায়গায় Mouse এর Right Button Click; Display Setting; Home; Devices; Printer and Scanner এর মধ্যে Plotter Printer HP-T১৭০৮V৪ Install করা থাকতে হবে।]


## ধাপসমুহঃ

ধাপ-১। GIS Layout View হতে File pdf আকারে export করতে হবে


ধাপ-২। পিডিএফটি ওপেন করে প্রিন্ট করা

[PDF টি ডাবল ক্লিক করে Open করা; Ctrl + P দেয়া; Printer HP-T১৭০৮V৪ Install সিলেক্ট করতে হবে; Pages to Print এ Current Page সিলেক্ট করতে হবে; Properties এ ঢুকে Basic এবং Advanced এর ক্ষেত্রে লাল কালিতে চিহ্নিত অংশ পরিবর্তন করে প্রিন্ট দিতে হবে।]


# ধাপ-১: GIS Layout View হতে File pdf আকারে export করা




# ধাপ-১....চলমান


Hobigonj Pourashava - ArcMap
File Edit View Bookmarks Insert Selection Geoprocessing Customize Windows Help
Messenger
is using the webcam
Table Of Contents
Layers
Landuse 2
Existing_L
Administration Gov.Dept.
Agriculture
Bridge
Commerce
Ditch
Education
Embankment
Health
Industry
Rail Line
Recreation
Reserve
Residential
Road
Socio-Cultural
Urban Deferred
Urban Services
Water body
Landuse 1
<all other values>
Proposed_L
Administration Gov.Dept.
Commerce
Ditch
Education
Health
Industry
Recreation
Reserve
Residential
Road
Socio-Cultural
Transport Terminal
Urban Deferred
Urban Services
Water body
Hobigong Pourashava
HOBIGONJ POURASHAVA (1)
RGB
Red: Band_1
Green: Band_2
Blue: Band_3
Layout
Export Map
Save in: Desktop
Quick access
Desktop
Libraries
This PC
Network
Daily Attendance_12-1...
Desktop Cleanup_27-04-2...
Estimate-প্রাক্কলন ২০২২-২৩
GIS Map Printing
ibas++ Bank Data Entry Training
Office Rent Agreement
PDS Online Data Entry
PPTs_In-house Training_Februa...
File name: Hobigonj Pourashava
Save as type: PDF
Save
Cancel
Options
General Format Pages Security Advanced
Resolution: 300 dpi
Output Image Quality (Resample Ratio)
Fast Normal Best
Ratio: 1 : 1
Djibouti
Clip Output to Graphics Extent
R.F:1:2,200
78°F Partly sunny
12:34 PM
3/16/2023


# ধাপ-২ পিডিএফটি ওপেন  করে প্রিন্ট করা




# ধাপ-২ ....চলমান


Hobigonj Pourashava.pdf - Foxit PhantomPDF - [Hobigonj Pourashava.pdf]
File Edit Organize View Tools Comments Forms Secure Help
Format
Helvetica
12
Landuse Map of Hobigonj Pourashava
Legend
Existing Landuse
Administration Gov.Dept.
Agriculture
Bridge
Commerce
Ditch
Education
Embankment
Health
Industry
Rail Line
Recreation
Reserve
Residential
Road
Socio-Cultural
Urban Deferred
Urban Services
Water body
Proposed Landuse
Administration Gov.Dept.
Commerce
Ditch
Education
Health
Industry
Recreation
Reserve
Residential
Road
Socio-Cultural
Transport Terminal
Urban Deferred
Urban Services
Water body
R.F:1:2,200
0 0.025 0.05 0.1 Kilometers
1 (1 / 1)
Messenger
71.48%
84°F Partly sunny
1:24 PM
3/16/2023

# ধাপ-২ ....চলমান



Print
Printer
Name: HP DesignJet T1708 V4
Status: In an error state
Type: HP DesignJet T1708 V4
Properties
Print What:
Document and Annotations
Print Range
All
Current view
Current page
Page from: 1 to: 1
Pages: 1-1
Subset: All pages in range
Reverse pages
Print Handling
Copies: 1
Collate
Scaling Type: Fit to Printer Magins
Auto-Rotate
Auto-Center
Print as Grayscale
Preview
8.5
11.0
Landuse Map of Hobigonj Pourashava
1 of 1
Document: 8.5 x 11.0 in
Paper: 8.5 x 11.0 in
Zoom: 97.22% Units: in
OK
Cancel
Road
Socio-Cultural
Transport Terminal
Urban Deferred
Urban Services
Water body
R.F:1:2,200
0 0.025 0.05 0.1 Kilometers

# ধাপ-২ ....চলমান



Hobigonj Pourashava.pdf - Foxit PhantomPDF - [Hobigonj Pourashava.pdf]
File Edit Organize View Tools Comments Forms Secure Help
Hobigonj Pourashava.pdf
HP DesignJet T1708 V4 Printing Preferences
HP DesignJet T1708 V4
Preset: Factory defaults
Basic Advanced
BASIC
Document size:
A2
Orientation:
Paper source:
Refresh
Roll
Margin layout:
Color mode:
Print quality:
Normal
Copies:
1
Collate:
Off
ADVANCED
23.39 × 16.54 inches
Page clipping
Cutting marks
Print Preview
Click to update your software and see a preview of your content.
OK
Cancel
Urban Deferred
Urban Services
Water body
R.F:1:2,200
0 0.025 0.05 0.1 Kilometers
1 (1 / 1)
71.48%
Messenger
82°F Partly sunny
1:13 PM
3/16/2023


# ধাপ-২ ....চলমান




Hobigonj Pourashava.pdf - Foxit PhantomPDF - [Hobigonj Pourashava.pdf]
File Edit Organize View Tools Comments Forms Secure Help
Hobigonj Pourashava.pdf
HP DesignJet T1708 V4 Printing Preferences
HP DesignJet T1708 V4
Preset: Factory defaults
Basic Advanced
ADVANCED
DOCUMENT
Paper type: Use printer settings
Scale: 100%
Mirror: Off
Rotation: Autorotate
OUTPUT
Horizontal cutter: On
Cutting lines: Off
11.00 × 8.50 inches
Page clipping
Cutting marks
Print Preview
Click to update your software and see a preview of your content.
OK
Cancel
Urban Deferred
Urban Services
Water body
R.F:1:2,200
0 0.025 0.05 0.1 Kilometers
1 (1 / 1)
Messenger
71.48%
84°F Partly sunny
1:15 PM
3/16/2023

# ৪. প্লটারে প্রিন্ট নেয়া


১। প্লটারে যাবো। Display তে উপরে ডানপাশে Corner এ Cancel Job লেখা আসবে এবং বামপাশে কর্ণার এ ঘুরবে অর্থাৎ প্রিন্ট হচ্ছে – Print শেষে Automatic Display তে ফিরে আসবে এবং Icon গুলো দেখাবে – Ok
২। নীচের জালিতে Print হয়ে Paper জমা হবে।
৩। Off Button এ Shutdown দিলে Plotter Off হবে।





# প্রশ্ন????????



# THANKS for listening……

16-03-2023

সেশন: বিকাল

# আভ্যন্তরীণ প্রশিক্ষণ ২০২২-২৩

"Training on Proper use of Internet & Social Media"

**উপস্থাপনায়ঃ**
শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক কার্যালয়
তোপখানা, সিলেট
মোবাইলঃ ০১৭৭৭-৪০০-৯৫৯
ই-মেইলঃ ashaheen11921@gmail.com
uddsylhet@yahoo.com sps@udd.gov.bd

Content: Collected

# Presentation Outline

1. What is Social Media? Types
2. Benefits of using Social Media
3. Dangers/misuse of Social Media
4. Overview of Social Media related Law/Act in Bangladesh
5. Punishment in Government sector (example)
6. How to ensure Safe Use of Social Media?
7. Q & A

# What is Social Media? Examples

# Social Media

## Social Media is:

- A website/application which is designed to share emotion, photos, comments in social network.

- A communication "Hub". Friends write on one another wall, photos

- An online communications platform designed for community input, interactions, content-sharing & collaborations.



# Social Media: Facebook

- Most popular free social networking website.
- Registered users can create profiles, upload photos, videos and comments, send messages
- Friends can share emotions, feelings, with friends, family and colleagues





# Social Media: Twitter

- Allow registered members to broadcast short posts called tweets.
- Twitter members can broadcast short messages called tweets and follow other users' tweets by using multiple platforms and devices.
- https://twitter.com/

# Twitter……Continue

- Twitter is used to answer to million minds



# Social Media: Instagram

- Instagram  will take care of your photos.
- Registered members can upload, edit and share photos with other members through Email, Twitter, Facebook and Flickr account.
- No need to afraid about loosing or damaging favorite photos
- It is virtual storage


# Other Social Media



# Benefits of Social Media

**Social Media-**


- is beneficial when you use it right.
- is used for knowing what people do, what they think, and what's happening now to their lives.



# Benefits of Social Media…Cont.

**Social Media -**


- Provide ways to update on one’s life without a phone call or a letter.
- Useful as a classroom tool.
- Excellent place for political campaign.
- It enables **'virtual gathering‘**
- **Excellent Place of Protest**
- **Good tool to spread Political Commitment**



# Benefits of Social Media…..Cont.

- Social Media becomes a daily digital diet. We love our Social and Digital media.

Facebook, Twitter





Source: Common Sense Media: Social Media, Social Life - How Teens View Their Digital Lives - 2012

# Examples....

# The Power of Social Media






**1.8 K shares on FB and Twitter**

**PM announces to abolish quota system in public service**

Source: https://www.thedailystar.net/country/prime-minister-sheikh-hasina-addressing-parliament-right-now-1561309

# The Power of Social Media

- Online posts and comments flood in social media.
- Attention of highest authority reached very soon.
- The police escorted the Syrian smugglers Muwafaka Alabash(front), and Asem Alfrhad(rear), for their trial in Bodrum, Turkey.

The New York Times

*2 Men Sentenced in Death of Alan Kurdi, Syrian Boy Who Drowned in September*



**2 men Sentenced in death**

Source: https://www.nytimes.com/2016/03/05/world/europe/syrians-sentenced-aylan-alan-kurdi.html

# Social Media: Excellent Place of Protest

## Alan Kurdi: A heart breaking news

Date: 2 September 2015,

Location: Mediterranean Sea, near Bodrum, Turkey



Three-year-old **Alan Kurdi** lying dead on the beach


Source: https://en.wikipedia.org/wiki/Death_of_Alan_Kurdi

# Risks/Danger of Social Media

## When Social Media used wrongly, then the benefit will fade out and it become a curse

- **Examples**
  - Cyber bullying
  - Inappropriate contents
  - Sexting
  - Cyber Crime
  - Phising
  - Breaking Laws
  - Time consumption
  - Lie/Rumour Spread Well

# Cyber Bullying



# Lie Worked Well: A Misuse

12:00 AM, March 04, 2013 / LAST MODIFIED: 12:00 AM, March 04, 2013

## *Lie worked well*

***Photoshopped pic of Sayedee used to instigate Bogra violence***

**Staff Correspondent**



- The photographed image of the moon with Sayedee’s face on a Facebook page at Basherkella.

Source: https://www.thedailystar.net/news-detail-271242

# Consequence of Misuse



**Damage in Kansat Palli Bidyut Office worth Tk 250 crore**

***40,000 subscribers without power supply; farmers not being able to run irrigation pumps***

- As a consequence of this rumor Kansat Palli Bidyut office destroyed by accused people
- Damage of about 250 corers

# Cyber Crime

- General crimes by using new technologies
  - Defamation
- New crimes using Internet based echnology
  - Fraud on online trade
- Attacks upon the computer systems and networks themselves
  - Illegal access

# Cyber Crime…..Cont.

## Spam

- Carries viruses and fraudulent scams
- Do NOT open it
- Move it to the Spam Folder

- Do NOT open files with a attachment that has a file extension ending in:
    - .exe
    - .zip
    - .scr



# Phishing

Social Problem:

- Someone calls you in the middle of the night
- “Have you been calling Egypt for the last six hours?”
- “What!!!! No”
- “Well, we have a call that’s actually active right now, it’s on your calling card and it’s to Egypt and as a matter of fact, you’ve got about $2000 worth of charges on your card and … read off your AT&T card number and PIN and then I’ll get rid of the charge for you”

# Phishing…..Cont.

From: "Bank of America" customerservice@bankofamercan.com
To: "Jane Smith" jane-smith12@gmail.com
Date: Wed, May 26, 2010
Subject: Fraud Alert – Action Required

Bank of America

Dear Customer,

At Bank of America, your satisfaction is our number one priority. \
Advanced Online Security option for our customers with online acc
our website and add Advanced Online Security to your account. Cl
your information www.bankofamerica.com.

If you do not take these steps, in order to protect you, we will put a
will be required to visit your local branch to verify your identity.


*A phishing email pretending to be from a bank*

# Overview of Cyber Law/Act in Bangladesh

# Bangladesh Cyber Law

- ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮
- Information and Communication Act 2006
- Pornography Control Act 2012
- Indecent Advertisement Prohibition Act 1963
- Bangladesh Telecommunication Regulation Act 2001
- সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত)

# ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮



রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৮, ২০১৮

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩ আশ্বিন, ১৪২৫/০৮ অক্টোবর, ২০১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৩ আশ্বিন, ১৪২৫ মোতাবেক ০৮ অক্টোবর, ২০১৮ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১৮ সনের ৪৬ নং আইন

ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ডিজিটাল মাধ্যমে সংঘটিত অপরাধ শনাক্তকরণ, প্রতিরোধ, দমন, বিচার ও আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ডিজিটাল মাধ্যমে সংঘটিত অপরাধ শনাক্তকরণ, প্রতিরোধ, দমন, বিচার ও আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই আইনে—

(ক) "আপিল ট্রাইব্যুনাল" অর্থ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (২০০৬ সালের ৩৯ নং আইন) এর ধারা ৮২ এর অধীন গঠিত সাইবার আপিল ট্রাইব্যুনাল;

(১২৩৯৫)

মূল্য : টাকা ২৪.০০

# ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮.....চলমান

ষষ্ঠ অধ্যায়

অপরাধ ও দণ্ড

১৭। গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোতে বে-আইনি প্রবেশ, ইত্যাদির দণ্ড ।—(১) যদি কোনো ব্যক্তি ইচ্ছাকৃতভাবে বা জ্ঞাতসারে কোনো গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোতে —

(ক) বে-আইনি প্রবেশ করেন, বা

(খ) বে-আইনি প্রবেশের মাধ্যমে উহার ক্ষতিসাধন বা বিনষ্ট বা অকার্যকর করেন অথবা করিবার চেষ্টা করেন,

তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর—

(ক) দফা (ক) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৭(সাত) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ২৫ (পঁচিশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন; এবং

(খ) দফা (খ) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ১৪ (চৌদ্দ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১(এক) কোটি টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন তাহা হইলে তিনি যাবজ্জীবন কারাদণ্ডে, বা অনধিক ৫(পাঁচ) কোটি টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

# ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮......চলমান



**১৮। কম্পিউটার, ডিজিটাল ডিভাইস, কম্পিউটার সিস্টেম, ইত্যাদিতে বে-আইনি প্রবেশ ও দণ্ড।**—(১) যদি কোনো ব্যক্তি ইচ্ছাকৃতভাবে—

(ক) কোনো কম্পিউটার, কম্পিউটার সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কে বে-আইনি প্রবেশ করেন বা প্রবেশ করিতে সহায়তা করেন, বা

(খ) অপরাধ সংঘটনের উদ্দেশ্যে বে-আইনি প্রবেশ করেন বা প্রবেশ করিতে সহায়তা করেন, তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর—

(ক) দফা (ক) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৬(ছয়) মাস কারাদণ্ডে, বা অনধিক ২(দুই) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন;

(খ) দফা (খ) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৩(তিন) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১০(দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি উপ-ধারা (১) এর অধীন কৃত অপরাধ কোনো সংরক্ষিত কম্পিউটার বা কম্পিউটার সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কের ক্ষেত্রে সংঘটিত হয়, তাহা হইলে তিনি অনধিক ৩(তিন) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১০(দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৪) যদি কোনো ব্যক্তি এই ধারার অধীন কোনো অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন, তাহা হইলে মূল অপরাধের জন্য যে দণ্ড নির্ধারিত রহিয়াছে তিনি উহার দ্বিগুণ দণ্ডে দণ্ডিত হইবেন।

**১৯। কম্পিউটার, কম্পিউটার সিস্টেম, ইত্যাদির ক্ষতিসাধন ও দণ্ড।**—(১) যদি কোনো ব্যক্তি—

(ক) কোনো কম্পিউটার, কম্পিউটার সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্ক হইতে কোনো উপাত্ত, উপাত্ত-ভাণ্ডার, তথ্য বা উহার উদ্ধৃতাংশ সংগ্রহ করেন, বা স্থানান্তরযোগ্য জমাকৃত তথ্য-উপাত্তসহ উক্ত কম্পিউটার, কম্পিউটার সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কের তথ্য সংগ্রহ করেন বা কোনো উপাত্তের অনুলিপি বা অংশ বিশেষ সংগ্রহ করেন, বা

(খ) কোনো কম্পিউটার, কম্পিউটার সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কে উদ্দেশ্যমূলকভাবে কোনো ধরনের সংক্রামক, ম্যালওয়্যার বা ক্ষতিকর সফটওয়্যার প্রবেশ করান বা প্রবেশ করানোর চেষ্টা করেন, বা

(গ) ইচ্ছাকৃতভাবে কোনো কম্পিউটার, কম্পিউটার সিস্টেম, কম্পিউটার নেটওয়ার্ক, উপাত্ত বা কম্পিউটারের উপাত্ত-ভাণ্ডারের ক্ষতিসাধন করেন, বা ক্ষতিসাধনের চেষ্টা করেন বা উক্ত কম্পিউটার, সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কে রক্ষিত অন্য কোনো প্রোগ্রামের ক্ষতি সাধন করেন বা করিবার চেষ্টা করেন, বা

# ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮......চলমান



(ঘ) কোনো কম্পিউটার, কম্পিউটার সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কে কোনো বৈধ বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে কোনো উপায়ে প্রবেশ করিতে বাধা সৃষ্টি করেন বা বাধা সৃষ্টির চেষ্টা করেন, বা

(ঙ) ইচ্ছাকৃতভাবে প্রেরক বা গ্রাহকের অনুমতি ব্যতীত, কোনো পণ্য বা সেবা বিপণনের উদ্দেশ্যে, স্পাম উৎপাদন বা বাজারজাত করেন বা করিবার চেষ্টা করেন বা অযাচিত ইলেক্ট্রনিক মেইল প্রেরণ করেন, বা

(চ) কোনো কম্পিউটার, কম্পিউটার সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কে অন্যায়ভাবে হস্তক্ষেপ বা কারসাজি করিয়া কোনো ব্যক্তির সেবা গ্রহণ বা ধার্যকৃত চার্জ অন্যের হিসাবে জমা করেন বা করিবার চেষ্টা করেন,

তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৭(সাত) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ দ্বিতীয়বার বা পুনঃপুন সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ২৫ (পঁচিশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

২০। **কম্পিউটার সোর্স কোড পরিবর্তন সংক্রান্ত অপরাধ ও দণ্ড।**—(১) যদি কোনো ব্যক্তি ইচ্ছাকৃতভাবে বা জ্ঞাতসারে কোনো কম্পিউটার প্রোগ্রাম, কম্পিউটার সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কে ব্যবহৃত কম্পিউটার সোর্স কোড গোপন, ধ্বংস বা পরিবর্তন করেন, বা অন্য কোনো ব্যক্তির মাধ্যমে উক্ত কোড, প্রোগ্রাম, সিস্টেম বা নেটওয়ার্ক গোপন, ধ্বংস বা পরিবর্তন করিবার চেষ্টা করেন, এবং উক্ত সোর্স কোডটি যদি সংরক্ষণযোগ্য বা রক্ষণাবেক্ষণ যোগ্য হয়, তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৩ (তিন) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ৩ (তিন) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

২১। **মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের চেতনা, জাতির পিতা, জাতীয় সংগীত বা জাতীয় পতাকার বিরুদ্ধে কোনো প্রকার প্রপাগান্ডা বা প্রচারণার দণ্ড।**—(১) যদি কোনো ব্যক্তি ডিজিটাল মাধ্যমে বাংলাদেশের মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের চেতনা, জাতির পিতা, জাতীয় সংগীত বা জাতীয় পতাকার বিরুদ্ধে কোনো প্রকার প্রপাগান্ডা ও প্রচারণা চালান বা উহাতে মদদ প্রদান করেন, তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

# ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮......চলমান



(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১(এক) কোটি টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন, তাহা হইলে তিনি যাবজ্জীবন কারাদণ্ডে, বা ৩(তিন) কোটি টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

২২। **ডিজিটাল বা ইলেকট্রনিক জালিয়াতি**।—(১) যদি কোনো ব্যক্তি ডিজিটাল বা ইলেকট্রনিক মাধ্যম ব্যবহার করিয়া জালিয়াতি করেন, তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৫(পাঁচ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন তাহা হইলে তিনি অনধিক ৭(সাত) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

ব্যাখ্যা।—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, "**ডিজিটাল বা ইলেকট্রনিক জালিয়াতি**" অর্থ কোনো ব্যক্তি কর্তৃক বিনা অধিকারে বা প্রদত্ত অধিকারের অতিরিক্ত হিসাবে বা অনধিকার চর্চার মাধ্যমে কোনো কম্পিউটার বা ডিজিটাল ডিভাইসের ইনপুট বা আউটপুট প্রস্তুত, পরিবর্তন, মুছিয়া ফেলা ও লুকানোর মাধ্যমে অশুদ্ধ ডাটা বা প্রোগ্রাম, তথ্য বা ভ্রান্ত কার্য, তথ্য সিস্টেম, কম্পিউটার বা ডিজিটাল নেটওয়ার্ক পরিচালনা।

২৩। **ডিজিটাল বা ইলেকট্রনিক প্রতারণা**।—(১) যদি কোনো ব্যক্তি ডিজিটাল বা ইলেকট্রনিক মাধ্যম ব্যবহার করিয়া প্রতারণা করেন, তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৭(সাত) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

ব্যাখ্যা।—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, "**ডিজিটাল বা ইলেকট্রনিক প্রতারণা**" অর্থ কোনো ব্যক্তি কর্তৃক ইচ্ছাকৃতভাবে বা জ্ঞাতসারে অথবা অনুমতি ব্যতিরেকে কোনো কম্পিউটার প্রোগ্রাম, কম্পিউটার সিস্টেম, কম্পিউটার নেটওয়ার্ক, ডিজিটাল ডিভাইস, ডিজিটাল সিস্টেম, ডিজিটাল নেটওয়ার্কে বা সামাজিক যোগাযোগ মাধ্যমের কোনো তথ্য পরিবর্তন করা, মুছিয়া ফেলা, নূতন কোনো তথ্যের সংযুক্তি বা বিকৃতি ঘটানোর মাধ্যমে উহার মূল্য বা উপযোগিতা হ্রাস করা, তাহার নিজের বা অন্য কোনো ব্যক্তির কোনো সুবিধা প্রাপ্তির বা ক্ষতি করিবার চেষ্টা করা বা ছলনার আশ্রয় গ্রহণ করা।

# ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮......চলমান



২৪। **পরিচয় প্রতারণা বা ছদ্মবেশ ধারণ।**—(১) যদি কোনো ব্যক্তি ইচ্ছাকৃতভাবে বা জ্ঞাতসারে কোনো কম্পিউটার, কম্পিউটার প্রোগ্রাম, কম্পিউটার সিস্টেম, কম্পিউটার নেটওয়ার্ক, কোনো ডিজিটাল ডিভাইস, ডিজিটাল সিস্টেম বা ডিজিটাল নেটওয়ার্ক ব্যবহার করিয়া—

(ক) প্রতারণা করিবার বা ঠকাইবার উদ্দেশ্যে অপর কোনো ব্যক্তির পরিচয় ধারণ করেন বা অন্য কোনো ব্যক্তির ব্যক্তিগত কোনো তথ্য নিজের বলিয়া প্রদর্শন করেন, বা

(খ) উদ্দেশ্যমূলকভাবে জালিয়াতির মাধ্যমে কোনো জীবিত বা মৃত ব্যক্তির ব্যক্তিসত্তা নিম্নবর্ণিত উদ্দেশ্যে নিজের বলিয়া ধারণ করেন,—

(অ) নিজের বা অপর কোনো ব্যক্তির সুবিধা লাভ করা বা করাইয়া দেওয়া,

(আ) কোনো সম্পত্তি বা সম্পত্তির স্বার্থ প্রাপ্তি,

(ই) অপর কোনো ব্যক্তি বা ব্যক্তিসত্তার রূপ ধারণ করিয়া কোনো ব্যক্তি বা ব্যক্তিসত্তার ক্ষতিসাধন,

তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৫(পাঁচ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ দ্বিতীয়বার বা পুনঃপুন সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৭ (সাত) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

২৫। **আক্রমণাত্মক, মিথ্যা বা ভীতি প্রদর্শক, তথ্য-উপাত্ত প্রেরণ, প্রকাশ, ইত্যাদি।**—(১) যদি কোনো ব্যক্তি ওয়েবসাইট বা অন্য কোনো ডিজিটাল মাধ্যমে,—

(ক) ইচ্ছাকৃতভাবে বা জ্ঞাতসারে, এমন কোনো তথ্য-উপাত্ত প্রেরণ করেন, যাহা আক্রমণাত্মক বা ভীতি প্রদর্শক অথবা মিথ্যা বলিয়া জ্ঞাত থাকা সত্ত্বেও, কোনো ব্যক্তিকে বিরক্ত, অপমান, অপদস্থ বা হেয় প্রতিপন্ন করিবার অভিপ্রায়ে কোনো তথ্য-উপাত্ত প্রেরণ, প্রকাশ বা প্রচার করেন, বা

(খ) রাষ্ট্রের ভাবমূর্তি বা সুনাম ক্ষুণ্ণ করিবার, বা বিভ্রান্তি ছড়াইবার, বা তদুদ্দেশ্যে, অপপ্রচার বা মিথ্যা বলিয়া জ্ঞাত থাকা সত্ত্বেও, কোনো তথ্য সম্পূর্ণ বা আংশিক বিকৃত আকারে প্রকাশ, বা প্রচার করেন বা করিতে সহায়তা করেন,

তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৩ (তিন) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ৩ (তিন) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

# ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮......চলমান



(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ১৪ (চৌদ্দ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১ (এক) কোটি টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন, তাহা হইলে তিনি যাবজ্জীবন কারাদণ্ডে, বা অনধিক ৫ (পাঁচ) কোটি টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

২৮। **ওয়েবসাইট বা কোনো ইলেকট্রনিক বিন্যাসে ধর্মীয় মূল্যবোধ বা অনুভূতিতে আঘাত করে এমন কোনো তথ্য প্রকাশ, সম্প্রচার, ইত্যাদি**।—(১) যদি কোনো ব্যক্তি বা গোষ্ঠী ইচ্ছাকৃতভাবে বা জ্ঞাতসারে ধর্মীয় মূল্যবোধ বা অনুভূতিতে আঘাত করিবার বা উস্কানি প্রদানের অভিপ্রায়ে ওয়েবসাইট বা অন্য কোনো ইলেকট্রনিক বিন্যাসে এমন কিছু প্রকাশ বা প্রচার করেন বা করান, যাহা ধর্মীয় অনুভূতি বা ধর্মীয় মূল্যবোধের উপর আঘাত করে, তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

২৯। **মানহানিকর তথ্য প্রকাশ, প্রচার, ইত্যাদি**।—(১) যদি কোনো ব্যক্তি ওয়েবসাইট বা অন্য কোনো ইলেকট্রনিক বিন্যাসে Penal Code (Act XLV of 1860) এর section 499 এ বর্ণিত মানহানিকর তথ্য প্রকাশ বা প্রচার করেন, তজ্জন্য তিনি অনধিক ৩ (তিন) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন, তাহা হইলে উক্ত ব্যক্তি অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৩০। **আইনানুগ কর্তৃত্ব বহির্ভূত ই-ট্রানজেকশন এর অপরাধ ও দণ্ড**।—(১) যদি কোনো ব্যক্তি—

(ক) কোনো ব্যাংক, বিমা বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান বা মোবাইল আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হইতে কোনো ইলেকট্রনিক বা ডিজিটাল মাধ্যম ব্যবহার করিয়া আইনানুগ কর্তৃত্ব ব্যতিরেকে ই-ট্রানজেকশন করেন, বা

(খ) সরকার বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক, সময় সময়, জারিকৃত কোনো ই-ট্রানজেকশনকে অবৈধ ঘোষণা করা সত্ত্বেও ই-ট্রানজেকশন করেন,

তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

# সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯

(পরিমার্জিত সংস্করণ)

মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত).....চলমান

## সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯

**১. ভূমিকা:**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রসারের সঙ্গে সঙ্গে পৃথিবীব্যাপী সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের জনপ্রিয়তা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশেও ব্যক্তি এবং প্রাতিষ্ঠান পর্যায়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের এ প্রবণতা লক্ষণীয়। সরকারি প্রতিষ্ঠানসমূহ নাগরিক সেবা প্রদানে সমস্যা পর্যালোচনা, জনসচেতনতা বৃদ্ধিতে প্রচারণা এবং সর্বোপরি জনবান্ধব প্রশাসন ব্যবস্থা নিশ্চিতকরণের কার্যক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করছে। যা ইতোমধ্যে বিভিন্ন মহলে প্রশংসিত হয়েছে। অপরদিকে, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে কিছু স্বার্থান্বেষী ব্যক্তি বা প্রতিষ্ঠান নানা ধরনের অসত্য তথ্য প্রকাশ করে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টায় লিপ্ত রয়েছে। ফলে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান প্রেক্ষাপটে ২০১৬ সালে জারিকৃত নির্দেশিকাটি পরিমার্জনের আবশ্যকতা দেখা দেয়। এ পরিপ্রেক্ষিতে উক্ত নির্দেশিকাটির পরিমার্জিত সংস্করণ 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯' প্রণয়ন করা হয়।

# সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত).....চলমান

**২. সংজ্ঞা:**

**(ক) 'সামাজিক যোগাযোগ মাধ্যম'** অর্থ কম্পিউটার বা ডিজিটাল ডিভাইসে ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে পারস্পরিক যোগাযোগের উদ্দেশ্যে তথ্য-উপাত্ত (টেক্সট, ইমেজ, অডিও, ভিডিও ইত্যাদি) আদান-প্রদানের একটি প্লাটফরম।

**(খ)'সরকারি প্রতিষ্ঠান'** অর্থ কোনো আইন, বিধি বা সরকারি আদেশ বলে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা অথবা সরকারের মালিকানা বা নিয়ন্ত্রণাধীন কোনো প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ।

**গ) 'ডিজিটাল ডিভাইস'** অর্থ কোনো ইলেকট্রনিক, ডিজিটাল, ম্যাগনেটিক, অপটিক্যাল বা তথ্য প্রক্রিয়াকরণ যন্ত্র বা সিস্টেম, যা ইলেকট্রনিক, ডিজিটাল, ম্যাগনেটিক বা অপটিক্যাল ইমপালস্ ব্যবহার করে যৌক্তিক, গাণিতিক এবং স্মৃতি কার্যক্রম সম্পন্ন করে, এবং কোনো ডিজিটাল বা কম্পিউটার ডিভাইস সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কের সঙ্গে সংযুক্ত, এবং সকল ইনপুট, আউটপুট, প্রক্রিয়াকরণ, সঞ্চিতি, ডিজিটাল ডিভাইস সফটওয়্যার বা যোগাযোগ সুবিধাদিও এর অন্তর্ভুক্ত হবে।

**৩. নির্দেশিকা জারির উদ্দেশ্য ও অধিক্ষেত্র:**

**৩.১ উদ্দেশ্য:**

ক. সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যমের কার্যকর ব্যবহার নিশ্চিত করা;

খ. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সরকারি প্রতিষ্ঠান এবং কর্মচারীগণের করণীয় ও বর্জনীয় নির্ধারণ করা; এবং

গ. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করা।

**৫. সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার:**

নিম্নবর্ণিত প্রাতিষ্ঠানিক কার্যক্রমে কাজে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করা যেতে পারে:

ক. নেটওয়ার্কিং ও মতবিনিময় (অভ্যন্তরীণ ও বহিঃ);

খ. নাগরিক সেবা প্রদানে সমস্যা পর্যালোচনা ও সমাধান;

গ. জনসচেতনতা ও প্রচারণা;

ঘ. নাগরিক সেবা সহজিকরণ ও উদ্ভাবন;

ঙ নীতি নির্ধারণ ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণ;

চ. জনবান্ধব প্রশাসন ব্যবস্থা নিশ্চিতকরণ; এবং

ছ. নাগরিক সেবা প্রদানের নতুন মাধ্যম ইত্যাদি।

**৬. একাউন্ট ব্যবস্থাপনা:**

**৬.১. দাপ্তরিক একাউন্ট ব্যবস্থাপনা:**

সরকারি প্রতিষ্ঠানসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতিষ্ঠানের জন্য একাউন্ট তৈরি ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো অনুসরণ করবে:

ক. দপ্তরের একাউন্ট বা পেজের ব্যানারে ব্যক্তি বা পদবির পরিবর্তে সংশ্লিষ্ট দপ্তর বা প্রতিষ্ঠানের নামে হবে। তবে, একাউন্ট তৈরির ক্ষেত্রে সিস্টেমে ব্যক্তির নাম প্রদান করা অপরিহার্য হলে ব্যক্তির নামের পাশাপাশি মূল পেজের ব্যানারে প্রতিষ্ঠানের নাম ও লোগো থাকতে হবে।

# সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত).....চলমান

খ. মূল পেজের ব্যানারে অথবা দৃষ্টিগ্রাহ্য স্থানে উক্ত মাধ্যম ব্যবহারের উদ্দেশ্য, অভীষ্টগোষ্ঠী (অডিয়েন্স) ও ব্যবহারকারী সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা থাকবে।

গ. প্রতিষ্ঠানের পক্ষে দায়িত্বপ্রাপ্ত কোন ব্যক্তি বা ৩/৫ সদস্যের একটি টিম উক্ত ইউজার একাউন্টের এডমিন বা মডারেটর বা কর্তৃপক্ষ হিসাবে দায়িত্ব পালন করবে।

ঘ. দাপ্তরিক পেইজের ব্যানার বা প্রোফাইল পিকচারে কোনো ব্যক্তিগত বা পারিবারিক ছবি ব্যবহার করা যাবে না।

ঙ. একাউন্টের নিরাপত্তার জন্য শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করতে হবে এবং এডমিন/মডারেটর/কর্তৃপক্ষ নিরাপত্তার স্বার্থে তা' সময়ে সময়ে পরিবর্তন করবেন।

চ. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের উদ্দেশ্য বিবেচনায় এবং প্রতিষ্ঠানের সিদ্ধান্তের আলোকে এর কন্টেন্ট প্রদর্শন, মন্তব্য/মতামত জ্ঞাপন, সদস্য হিসাবে অন্তর্ভুক্তি, প্রবেশাধিকার, প্রাইভেসি ইত্যাদি বিষয়ের সেটিংস সংশ্লিষ্ট এডমিন/মডারেটর/কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচন করা হবে।

ছ. সামাজিক যোগাযোগ মাধ্যমের যে প্লাটফরম ব্যবহার করা হবে তার নিয়ম ও শর্তাবলি অবশ্যই পালন করতে হবে, যাতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এর জন্য কোন অনভিপ্রেত অবস্থার সম্মুখীন হতে না হয়।

জ. সোশ্যাল মিডিয়া পেজকে দাপ্তরিক নিজস্ব ওয়েবসাইটের সঙ্গে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। তবে, সামাজিক যোগাযোগ মাধ্যমকে দাপ্তরিক ওয়েবসাইটের বিকল্প হিসাবে বিবেচনা করা হবে না।

Activate W
Go to Settings

ঝ. সামাজিক যোগাযোগ মাধ্যমকে সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System)-এর সঙ্গে সমন্বিত করতে হবে।

ঞ. দাপ্তরিক যোগাযোগের সময় চিঠিপত্রসহ অন্যান্য যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে লেটার হেড-এ প্রতিষ্ঠানের দাপ্তরিক ঠিকানার সঙ্গে বর্তমানে ব্যবহৃত ওয়েব ঠিকানার পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমের নিজস্ব ঠিকানাটিও ব্যবহার করতে হবে।

**৬.২ ব্যক্তিগত একাউন্ট ব্যবস্থাপনা:**

সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যক্তিগত একাউন্ট তৈরি ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো অনুসরণ করতে হবে:-

ক. ব্যক্তিগত একাউন্ট পরিচালনার ক্ষেত্রে দায়িত্বশীল নাগরিকসুলভ আচরণ ও অনুশাসন মেনে চলতে হবে;

খ. কন্টেন্ট ও 'ফ্রেন্ড' সিলেকশনে সতর্কতা অবলম্বন এবং অপ্রয়োজনীয় ট্যাগ, রেফারেন্স বা শেয়ার করা পরিহার করতে হবে;

গ. সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার বা নিজ একাউন্টের ক্ষতিকারক কন্টেন্ট-এর জন্য সংশ্লিষ্ট কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং সে জন্য প্রচলিত আইন ও বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গৃহীত হবে; এবং

ঘ. একাউন্টের নিরাপত্তার জন্য শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করতে হবে এবং নিরাপত্তার স্বার্থে তা' নিয়মিত পরিবর্তন করতে হবে;

Activate W
Go to Settings

**৭. সামাজিক যোগাযোগ মাধ্যমের বিষয়বস্তু ব্যবস্থাপনা:**

সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রদেয়/প্রদত্ত বিষয়বস্তু অবশ্যই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। এক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে:

ক. সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিতব্য টেক্সট, ফটো, অডিও, ভিডিও, ইত্যাদি গুরুত্বের সঙ্গে নির্বাচন ও বাছাই করতে হবে। কর্তৃপক্ষ বিষয়বস্তুর উপযুক্ততা সম্পর্কে নিশ্চিত হয়ে প্লাটফরমে তা' প্রকাশের অনুমতি প্রদান করবেন;

খ. নিজস্ব পোস্টে প্রদত্ত তথ্য ও উপাত্তের যথার্থতা ও নির্ভরযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হতে হবে;

গ. ব্যক্তিগত বা পারিবারিক বিষয়াদি-সংশ্লিষ্ট কোনো কন্টেন্ট (টেক্সট, ফটো, অডিও ও ভিডিও ইত্যাদি) দাপ্তরিক সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনো ক্রমেই পোস্ট, আপলোড বা শেয়ার করা যাবে না;

ঘ. সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে সরকার বা রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কোনো পোস্ট আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে; এবং

ঙ. গুরুত্বপূর্ণ কন্টেন্টসমূহের আর্কাইভিং, পুনঃপ্রদর্শন, ও শেয়ারিং উৎসাহিত করতে হবে।

**৮. হালনাগাদকরণ ও সাড়া প্রদান:**

ক. প্রতিষ্ঠানের পক্ষে কর্তৃপক্ষ নিয়মিত নিজ সাইট হালনাগাদ/ সাড়া (response) প্রদান করবেন;

খ. প্রতিষ্ঠানের পক্ষে এডমিন/মডারেটর/কর্তৃপক্ষ যুক্তিসঙ্গত সময়ের মধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমে উত্থাপিত সমস্যা, মন্তব্য বা প্রশ্নের বিষয়ে সাড়া প্রদান করবেন; এবং

Activate
Go to Sett

ঘ. জনপ্রশাসনে নাগরিক-সম্পৃক্তি উৎসাহিত করার লক্ষ্যে সম্ভব সকল ক্ষেত্রে জনসাধারণ বা অংশীজন কর্তৃক পোস্ট প্রদানকে উৎসাহিত করতে হবে। এক্ষেত্রে নাগরিক কর্তৃক পোস্টকৃত বিষয় গুরুত্বের সঙ্গে পর্যালোচনা ও সাড়া প্রদান নিশ্চিত করতে হবে।

**৯. সরকারি আইন ও বিধি-বিধানের প্রযোজ্যতা:**

সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে দেশের প্রচলিত সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান প্রযোজ্য হবে।

**১০. পরিহারযোগ্য বিষয়াদি:**

**সামাজিক যোগযোগ মাধ্যমে নিম্নোক্ত বিষয়সমূহ প্রকাশ করা যাবে না:**

ক. জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোনো রকম তথ্য-উপাত্ত;

খ. কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোনো তথ্য-উপাত্ত;

গ. রাজনৈতিক মতাদর্শ বা আলোচনা-সংশ্লিষ্ট কোনো তথ্য-উপাত্ত;

ঘ. বাংলাদেশে বসবাসকারী কোনো ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী, বা সম্প্রদায়ের প্রতি বৈষম্যমূলক বা হেয় প্রতিপন্নমূলক

তথ্য-উপাত্ত;

ঙ. কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে হেয় প্রতিপন্ন করে এমন তথ্য-উপাত্ত;

চ. লিঙ্গ বৈষম্য বা এ সংক্রান্ত বিতর্কমূলক কোনো তথ্য-উপাত্ত;

ছ. জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোনো বিষয়, লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি।

জ. আত্ম-প্রচারণামূলক কোনো পোস্ট; এবং

ঝ. ভিত্তিহীন, অসত্য ও অশ্লীল তথ্য প্রচার।

**১১. পরিবীক্ষণ:**

ক. প্রতিটি সরকারি প্রতিষ্ঠান নিয়মিতভাবে ত্রৈমাসিক ভিত্তিতে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের কার্যক্রম পরিবীক্ষণ করবে।

খ. প্রতিটি সরকারি প্রতিষ্ঠান সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার-সংক্রান্ত সচেতনামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও করণীয় নির্ধারণ করবে।

**১২. স্পষ্টীকরণ:**

এ নির্দেশিকা অনুসরণে কোনো সমস্যা বা কোনো অনুচ্ছেদের বিষয়ে ব্যাখ্যা প্রয়োজন হলে মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিট-এর নজরে আনয়ন করা যেতে পারে।

Activat
Go to Se

# Safe Use of Social Media



# 1. Do’s and Don'ts

- Do not share secret information username and password, date of birth with unknowns



- Do not click on unwanted hyperlink or download .exe or .bat file sent to your account.

- Do not share credit card information, secret pin code, transaction history with others.


**Use Ad-Blocker for Safe Browsing**

# Do’s and Don'ts….Cont.

- Communicate with people you know and trust
- Do not login to bank accounts and access confidential contents using public WiFi.
- Know privacy settings well enough.

# 2. Use Strong Password in Social Media Account

- Use strong password using a combination of Capital, small letters, numbers and special characters (*e.g.,* Information010#)





- Do not share secret information username and password, date of birth with unknowns.



# 3. Parents Duty on Safe Browsing

## For your children



- Know usernames and passwords of the sites your children browse.
- Let them know you have that right
- Suggest about what not to post and/or respond to from someone else.
- Talk to other parents, deans, counselors

# Parents Duty on Safe Browsing....Cont.

- Engage your child in drafting the rules for the family:
  - guidelines for use technology
  - consequences for breaking those rules
- Model appropriate use of technology:
  - minimize texting
  - don't allow using cell phone/laptop at meals
  - don't use cell phone in the car

# 4. Use Apps to Protect Your Child's Phone

- Apps to My Mobile Watchdog
  - Mobile Spy
  - Text Guard
  - WebWatcher
  - Protect Your Teen's Phone

# Punishment in Government sector (example)…Only for FB Post sharing…

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্য:
ডায়েরী নং- ৫৩৪৫ তারিখ- ২৫-১০-২২
-৪-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৫
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০১৮.২৭.০১৫.১৯- ৬১৬

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯ / ১৬ অক্টোবর ২০২২

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকায় কর্মরত অবস্থায় নগর উন্নয়ন অধিদপ্তরের বর্তমান পরিচালক ও সিনিয়র প্ল্যানার/উপ-পরিচালক এর বিরুদ্ধে একটি পোস্ট সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে গত ১৬/০৩/২০১৯ তারিখে শেয়ার করেন। একজন সরকারি কর্মকর্তা হিসেবে আপনি 'ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮' এর ২৫(ক) ধারা ও মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬' এর ৫(ট) (আ) লংঘন করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (ঙ) অনুযায়ী "অসদাচরণ" ও "নাশকতা" এর অভিযোগে ০১/২০২০ নম্বর বিভাগীয় মামলা দায়ের করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব সচিব মহোদয়ের বরাবর ১০/১১/২০২০ তারিখে দাখিল করেন। অত:পর, ১০/০৩/২০২১ তারিখে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানী অন্তে জনাব অভিজিৎ রায়, উপসচিব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। দাখিলকৃত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব শাহীন আহম্মেদ এর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা রয়েছে মর্মে মতামত প্রদান করেছেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও নথিপত্র এবং অভিযুক্তের জবাব পর্যালোচনাক্রমে অভিযুক্ত কর্মকর্তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর এর বিরুদ্ধে "অসদাচরণ" ও "নাশকতা" এর অভিযোগে রুজুকৃত ০১/২০২০ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২ (ক) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(কাজি ওয়াছি উদ্দিন)
সচিব

নম্বর: ২৫.০০.০০০০.০১৮.২৭.০১৫.১৯- ৬১৬ (১০)

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯ / ১৬ অক্টোবর ২০২২


অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০২। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত ০৫(পাঁচ) কপি গেজেট নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৯। জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিনিয়র প্ল্যানার।
১০। অফিস কপি/মাস্টার ফাইল।

# Courtesy to:

**Professor Dr. Md. Ali Hossain**
Department of Computer Science & Engineering
**& Administrator**, Central Computer Center
Rajshahi University of Engineering & Technology (RUET)
Email: ali.hossain@cse.ruet.ac.bd
Cell: +8801959600498

# প্রশ্ন?????????



# THANKS for listening……